দৈনিক সংবাদ

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 6

16

# দু'টি বিদ্যালয়ে লেখাপড়া ব্যাহত

মাদারীপুর, ১২ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—শরীয়তপুর সদর উপজেলার শৌলপাড়া ইউনিয়নের গঙ্গানগর আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও নারেঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। ফলে দু'টি বিদ্যালয়ে লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

১৯৮৬ সালে স্থাপিত গঙ্গানগর আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টির সাম্প্রতিক বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। তার ওপর গত ১৯ অক্টোবরের ঝড়ে বিদ্যালয় ঘরের টিনের চাল উড়ে যায়। এ অবস্থায় উক্ত বিদ্যালয়ের প্রায় ৩ শতাধিক ছাত্র-ছাত্রী উন্মুক্ত স্থানে ক্লাস করছে।

বিদ্যালয়টিতে চেয়ার-টেবিল-বেঞ্চসহ বিভিন্ন আসবাবপত্রের তীব্র অভাব রয়েছে। বিদ্যালয়টিতে শতাধিক ছাত্রী লেখা-পড়া করলেও কোন ছাত্রী মিলনায়তন নেই। স্কুল গৃহে কোন সিলিং না থাকায় গরমের দিনে ছাত্র-ছাত্রীদেরকে অসহনীয় দুর্ভোগ পোহাতে হচ্ছে। এদিকে স্কুলের মেঝে পাকা না হওয়ায় সামান্য বৃষ্টি হলেই মেঝে কর্দমাক্ত হয়ে যায়। অপরদিকে স্কুলে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নেই।

উক্ত ইউনিয়নের নারেঙ্গা প্রাথমিক বিদ্যালয়টির ছাদ যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা সত্ত্বেও স্কুল কর্তৃপক্ষ বিদ্যালয়ে ক্লাস করছে। প্রায় আড়াই শ' ছাত্র-ছাত্রী লেখা-পড়া করলেও বিদ্যালয়টিতে প্রয়োজনীয় বেঞ্চসহ বিভিন্ন আসবাবপত্রের অভাব রয়েছে। বিদ্যালয়টিতে মাত্র ৩ জন শিক্ষক রয়েছে।